গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

কব ২৬৮১৫০৩

Rezaul Karim Chowdhury
Executive Director
COAST Trust

ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্প চুক্তিপত্র

আজ ২০/০২/২০১৭ তারিখে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের কার্যালয়ে এই দ্বিপাক্ষিক চুক্তিনামা স্বাক্ষরিত হলো; যার–

প্রথম পক্ষ: পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন ১৯১৩ সনের (১৯৯৪ সনে সংশোধিত) কোম্পানী আইন মোতাবেক নিবন্ধীকৃত কোম্পানী যার প্রধান কার্যালয় পিকেএসএফ ভবন, প্লট নং-ই-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭-এ অবস্থিত, অতঃপর "পিকেএসএফ" হিসেবে আখ্যায়িত হবে (পিকেএসএফ-এর মধ্যে এর আইনসঙ্গত প্রতিনিধি, স্বার্থ সংশিষ্ট উত্তরাধিকারী, অ্যাডমিনিস্ট্রেটর এবং ধারক অন্তর্ভুক্ত হবে)।

দ্বিতীয় পক্ষ: "Coastal Association for Social Transformation Trust" মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন ২০০৬ অনুযায়ী ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান হিসাবে কার্যক্রম পরিচালনার সনদপ্রাপ্ত একটি সংস্থা যার সনদ নং ০০৯৫৬-০৪০৪১-০০০৬৮, তাং-২৯/১১/২০০৭ খ্রিষ্টাব্দ। এছাড়াও "Coastal Association for Social Transformation Trust" ১৮৮২ সালের দি ট্রাষ্ট এ্যাক্ট এর আওতায় নিবন্ধীকৃত একটি সংস্থা যা ২৫/৯/১৯৯৭ ইং তারিখে মোহাম্মদপুর, ঢাকায় নিবন্ধীকৃত, যার নিবন্ধীকৃত নম্বর IV- ৬৪ এবং দলিল নম্বর ৩৭৯৪, এবং ১৯৭৮ সালের দি ফরেন ডোনেশনস (ভলান্টারী এক্টিভিটিস) রেগুলেশন অর্ডিন্যান্স এর আওতায় নিবন্ধনীকৃত সংস্থা যার নিবন্ধন নং ১২৪২, তাং ২০/২/১৯৯৮ এবং নিবন্ধনকৃত কার্যালয় গ্রামঃ কুলসুমবাগ উপজেলাঃ চরফ্যাশন জেলাঃ ভোলা এবং বর্তমান কার্যালয়ঃ বাড়ী নং ১৩(১ম তলা),'মেট্রো মেলডি' রোড নং-২,শ্যামলী, ঢাকা-১২০৭ ঠিকানায় অবস্থিত, অতঃপর "সহযোগী সংস্থা" হিসাবে আখ্যায়িত হবে। (সহযোগী সংস্থার মধ্যে এর আইনসঙ্গত প্রতিনিধি, স্বার্থ সংশ্লিষ্ট উত্তরাধিকারী, অ্যাডমিনিস্ট্রেটর এবং ধারক অন্তর্ভূক্ত হবে।)

যেহেতু "পিকেএসএফ" দারিদ্র্য বিমোচনের উদ্দেশ্যে দেশের দরিদ্র, বিত্তহীন-ভূমিহীন জনগণের মধ্যে বিভিন্ন ধরনের ঋণ সহায়তা প্রদানের লক্ষ্যে বিভিন্ন বেসরকারি, আধা সরকারি, সরকারি প্রতিষ্ঠান, স্থানীয় সরকার ও স্বেচ্ছাসেবী সংস্থাসমূহকে তহবিল সরবরাহ করে এবং পিকেএসএফ–এর চলমান ক্ষুদ্র-উদ্যোগ ঋণ কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে Promoting Agricultural Commercialization and Enterprises (PACE) প্রকল্পের আওতায় অর্থায়নের পাশাপাশি ক্ষুদ্র-উদ্যোগ বিকাশের জন্যে সহযোগী সংস্থাদের মাধ্যমে ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করে;

এবং

যেহেতু "সহযোগী সংস্থা" দেশের দরিদ্র, বিত্তহীন-ভূমিহীনদের কর্মসংস্থান/দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে তাদের মধ্যে ঋণ কার্যক্রম পরিচালনার পাশাপাশি ক্ষুদ্র-উদ্যোগ কার্যক্রম বিকাশের লক্ষ্যে ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্যে তহবিল সংগ্রহের উদ্দেশ্যে অনুদান গ্রহণে ইচ্ছুক হয়ে "পিকেএসএফ"-এর কাছে "ফিস ড্রায়ার ও জৈব পদ্ধতি ব্যবহারের মাধ্যমে বিষমুক্ত শুটকী মাছ উৎপাদন ও বাজারজাতকরণের দ্বারা উদ্যোক্তাদের আয়বৃদ্ধি ও জীবনযাত্রার মান উন্নয়ন" শীর্ষক ভ্যালু চেইন উন্নয়ন উপ-প্রকল্পের আওতায় প্রযুক্তি সম্প্রসারণ, কমন সার্ভিস সেন্টার স্থাপন, শুটকী মাছের রেসিপি প্রস্তুত ইত্যাদি কর্মকাণ্ড বাস্তবায়নের জন্যে আট (৮) মাসের সম্প্রসারিত প্রস্তাবনা ও অনুদান মঞ্জুরীর আবেদন পেশ করেছে;

যেহেতু "সহযোগী সংস্থা", ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্প কার্যক্রমের লক্ষ্য এবং উদ্দেশ্যের সাথে একাত্মতা (commitment) ঘোষণা করেছে এবং সুষ্ঠু আর্থিক ও প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা ও চর্চার মাধ্যমে যোগ্য ও অভিজ্ঞ ব্যবস্থাপক দ্বারা "ফিস ড্রায়ার ও জৈব পদ্ধতি ব্যবহারের মাধ্যমে বিষমুক্ত শুটকী মাছ উৎপাদন ও বাজারজাতকরণের দ্বারা উদ্যোক্তাদের আয়বৃদ্ধি ও জীবনযাত্রার মান উন্নয়ন" শীর্ষক ভ্যালু চেইন উন্নয়ন উপ-প্রকল্পটির সম্প্রসারিত কর্মকাণ্ড পরিচালনা করতে প্রতিশ্রুতিবদ্ধ।

সেহেতু উভয় পক্ষের মধ্যে আলাপ আলোচনার মাধ্যমে উভয়পক্ষ একমত হয়ে এই অনুদান প্রদান ও গ্রহণের ব্যাপারে নিম্নবর্ণিত শর্তাবলী পালন সাপেক্ষে এই চুক্তিপত্র সম্পাদন করা হল:



"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

কল ৭১৩৬৪৭৬

১.০ সংজ্ঞাসমূহ: বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী না হলে, এই চুক্তিপত্রে -

(ক) "পিকেএসএফ" বলতে "পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন" যা ১৯১৩ সনের (১৯৯৪ সনে সংশোধিত) কোম্পানী আইন মোতাবেক নিবন্ধীকৃত কোম্পানীকে বুঝাবে।

(খ) "সহযোগী সংস্থা" বলতে "ফিস ড্রায়ার ও জৈব পদ্ধতি ব্যবহারের মাধ্যমে বিষমুক্ত শুটকী মাছ উৎপাদন ও বাজারজাতকরণের দ্বারা উদ্যোক্তাদের আয়বৃদ্ধি ও জীবনযাত্রার মান উন্নয়ন" শীর্ষক "ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্প" বাস্তবায়নের জন্যে পিকেএসএফ হতে তহবিল চেয়ে আবেদনকারী "Coastal Association for Social Transformation Trust (COAST Trust)" সংস্থাকে বুঝাবে।

(গ) "কার্যালয়" বলতে পিকেএসএফ-এর প্রধান কার্যালয়কে বুঝাবে।

(ঘ) "বৎসর" ও "মাস" বলতে গ্রেগরিয়ান ক্যালেন্ডারের বৎসর ও মাস বুঝাবে।

(ঙ) "আর্থিক বৎসর" বলতে কোন বৎসরের ১লা (পহেলা) জুলাই তারিখ হতে পরবর্তী বৎসরের ৩০শে জুন পর্যন্ত সময় বুঝাবে।

(চ) "ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্প চুক্তিপত্র" বলতে পিকেএসএফ ও সহযোগী সংস্থার মধ্যে ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে সম্পাদিত চুক্তিপত্রকে বুঝাবে।

(ছ) "সদস্য" বলতে "ঋণ কার্যক্রম"-এ অংশগ্রহণকারী পিকেএসএফ-সংজ্ঞায়িত বাংলাদেশের দরিদ্র জনগোষ্ঠীভুক্ত ব্যক্তিকে বা/এবং ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্পের সদস্য জনগোষ্ঠীকে বুঝাবে।

(জ) "অনুদান" বলতে সাব সেক্টর বিশ্লেষণ/ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে পিকেএসএফ কর্তৃক সহযোগী সংস্থাকে আর্থিক সহযোগিতা প্রদান বুঝাবে।

(ঝ) "তহবিল" বলতে যে কোন পরিমাণ প্রদত্ত বা প্রদেয় অর্থকে বুঝাবে।

(ঞ) "প্রকল্প" বলতে Promoting Agricultural Commercialization and Enterprises (PACE) প্রকল্প বুঝাবে।

(ট) "প্রশিক্ষণ" বলতে PACE প্রকল্পের আওতায় ক্ষুদ্র-উদ্যোগ কর্মসূচি বিষয়ে সহযোগী সংস্থার কর্মকর্তা/কর্মচারী ও প্রকল্পের সদস্যদের জন্যে আয়োজিত প্রশিক্ষণ বুঝাবে।

(ঠ) "ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্প" বলতে সহযোগী সংস্থা কর্তৃক কারিগরি সহায়তার মাধ্যমে কোন সাব সেক্টর, পণ্য অথবা সেবাকর্মের উৎপাদন বৃদ্ধি, মান উন্নয়ন, বিপণন (বিভিন্ন পর্যায়ে মূল্য সংযোজন) ইত্যাদির সুযোগ বৃদ্ধিকল্পে গৃহীতব্য প্রকল্পকে বুঝাবে।

(ড) "ক্ষুদ্র-উদ্যোগ" বলতে ক্ষুদ্রঋণ কর্মসূচির প্রাগ্রসর সদস্য অথবা এরূপ কোন প্রাগ্রসর সদস্যের পরিবারের সক্ষম সদস্য দ্বারা পরিচালিত পরিবার ও পরিবার বহির্ভূত ব্যক্তিদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিকারী কোন উদ্যোগকে বুঝাবে।

২.০ এ অনুদান গ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য শর্তাবলী নিম্নরূপ:

২.১ পিকেএসএফ সহযোগী সংস্থাকে তাদের আবেদনের প্রেক্ষিতে আট (৮) মাস মেয়াদী "ফিস ড্রায়ার ও জৈব পদ্ধতি ব্যবহারের মাধ্যমে বিষমুক্ত শুটকী মাছ উৎপাদন ও বাজারজাতকরণের দ্বারা উদ্যোক্তাদের আয়বৃদ্ধি ও জীবনযাত্রার মান উন্নয়ন" শীর্ষক ভ্যালু চেইন উন্নয়ন উপ-প্রকল্পের সম্প্রসারতি কর্মকাণ্ড বাস্তবায়নের জন্যে অনুদান হিসেবে ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা মঞ্জুরী প্রদান করেছে। সম্প্রসারিত উপ-প্রকল্পের মোট খরচ হবে ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা। পিকেএসএফ কর্তৃক মঞ্জুরীকৃত এ অর্থ উল্লিখিত ভ্যালু চেইন উন্নয়ন উপ-প্রকল্পের মোট খরচের ১০০%। অনুমোদিত প্রকল্প বিবরণীতে উল্লিখিত ক্যাটাগরীসমূহের মধ্যে পিকেএসএফ-এর অনুমোদন সাপেক্ষে আন্তঃসমন্বয় করা যাবে।

২.২ ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে সহযোগী সংস্থা একটি বিস্তারিত সাবসেক্টর বিশ্লেষণ করে গৃহীতব্য পদক্ষেপসমূহ, পদক্ষেপসমূহ বাস্তবায়নের পদ্ধতি, বিভিন্ন সেবা প্রদানকারী প্রতিষ্ঠান নির্বাচন ও তাদের ভূমিকা চিহ্নিতকরণসহ প্রকল্পে কাজের প্রত্যাশিত ফলাফল নির্ধারণ করবে এবং প্রকল্পের পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রক্রিয়া নির্ধারণ করবে।



"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

২.৩ সহযোগী সংস্থা পিকেএসএফ হতে গৃহীত তহবিল অনুমোদিত প্রকল্প বিবরণী অনুযায়ী ড্রায়ার প্রযুক্তি সম্প্রসারণ ও শুটকী মাছ সাব-সেক্টর উন্নয়নের জন্যে ভ্যালু চেইন উন্নয়ন উপ-প্রকল্প বাস্তবায়নের কাজে ব্যবহার করবে। প্রকল্পের আওতায় সহযোগী সংস্থা কর্তৃক সকল প্রকার ক্রয় কার্য সম্পাদনের জন্যে পিকেএসএফ, ইফাদ ও সরকারের ক্রয় নীতিমালা প্রযোজ্য হবে।

২.৪ ভ্যালু চেইন উন্নয়ন উপ-প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে সামঞ্জস্য রেখে সহযোগী সংস্থা পিকেএসএফ-এর নিকট গ্রহণযোগ্য যথাযথ হিসাব বহি সংরক্ষণ করবে এবং এতদ্‌সংশ্লিষ্ট শক্তিশালী ও স্বচ্ছ ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (MIS) কার্যকরভাবে বাস্তবায়ন করবে।

২.৫ ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্প যথাযথ বাস্তবায়ন ও তৃণমূল পর্যায়ে এর কাঙ্খিত ফলাফল অর্জনের উদ্দেশ্যে তত্ত্বাবধান ও পরিবীক্ষণের জন্যে সহযোগী সংস্থা পিকেএসএফ-এর নিকট গ্রহণযোগ্য উপযুক্ত গাইডলাইন, কর্মপদ্ধতি প্রণয়ন করবে এবং তা সঠিকভাবে অনুসরণ করবে।

২.৬ সহযোগী সংস্থা এর সদস্যদের কল্যাণের লক্ষ্যে পিকেএসএফ-এর সাথে পরামর্শ করে ভ্যালু চেইন উন্নয়ন উপ-প্রকল্প বাস্তবায়ন করবে।

২.৭ এ অনুদানের অর্থ সহযোগী সংস্থা কোনক্রমেই চুক্তিতে উল্লিখিত ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্প ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করতে পারবে না। এ অনুদানের অর্থ ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্প তহবিল হিসেবে বিবেচিত হবে।

২.৮ সহযোগী সংস্থা নিয়মিতভাবে পিকেএসএফ হতে সরবরাকৃত ছকে ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্পের খরচ সংক্রান্ত প্রতিবেদন পিকেএসএফ-এ দাখিল করবে।

২.৯ সহযোগী সংস্থা পিকেএসএফ-কে নিম্নোক্ত তথ্য/দলিলাদি সরবরাহ করবে:

- চুক্তি স্বাক্ষরের সাত দিনের মধ্যে ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্প শুরুর বিষয়টি পিকেএসএফ-কে লিখিতভাবে অবহিত করবে,
- ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন মাসিক ভিত্তিতে পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে পিকেএসএফ-এ প্রেরণ করবে,
- ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্পের আওতায় কোন জরীপ বা সমীক্ষা পরিচালিত হলে সহযোগী সংস্থা উক্ত সমীক্ষা বা জরীপের পর্যবেক্ষণসমূহ ও করণীয় সম্পর্কে সুনির্দিষ্ট সুপারিশমালাসহ তিন কপি খসড়া প্রতিবেদন, জরীপ বা সমীক্ষা কার্য সমাপ্ত হওয়ার এক সপ্তাহের মধ্যে পিকেএসএফ-কে সরবরাহ করবে। প্রতিবেদনের উপর পিকেএসএফ-এর মতামত প্রাপ্তির পর দুই সপ্তাহের মধ্যে পিকেএসএফ-এর মন্তব্য সন্নিবেশিত করে জরীপ বা সমীক্ষার চূড়ান্ত প্রতিবেদনের সফট কপিসহ ৫ কপি প্রতিবেদন পিকেএসএফ-কে সরবরাহ করবে।

২.১০ সহযোগী সংস্থার সার্বিক কার্যক্রমের সাথে ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্পের কর্মকাণ্ডসমূহও খ্যাতনামা প্রতিষ্ঠানের মাধ্যমে নিরীক্ষা করে নিরীক্ষা প্রতিবেদন প্রতি বছর সহযোগী সংস্থা পিকেএসএফ-কে সরবরাহ করবে। নিরীক্ষা প্রতিবেদনে ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্পের উপর প্রয়োজনীয় পর্যবেক্ষণ থাকতে হবে।

২.১১ পিকেএসএফ হতে গৃহীত তহবিল ব্যবহার এবং ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্পের অগ্রগতি তত্ত্বাবধানের ক্ষেত্রে পিকেএসএফ-এর অধিকার ও ক্ষমতা থাকবে। সহযোগী সংস্থা পিকেএসএফ-এর চাহিদা অনুযায়ী এ সংক্রান্ত কাগজপত্র ও তথ্যাদি পিকেএসএফ-কে সরবরাহ করতে এবং মাঠ পরিদর্শনে পিকেএসএফ-কে সার্বিক সহযোগিতা করবে। পিকেএসএফ-এর অভ্যন্তরীন নিরীক্ষা শাখাও ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্প নিরীক্ষা করতে পারবে। নিরীক্ষা কাজে সহযোগী সংস্থা তাঁদেরকে যাবতীয় সহযোগীতা করবে।



“দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন”

২.১২ পিকেএসএফ-এর নির্দেশনা মোতাবেক সহযোগী সংস্থা ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্প সংক্রান্ত যাবতীয় খরচের তথ্য যথাযথভাবে সংরক্ষণ করবে এবং এ সংক্রান্ত সকল লেনদেন পৃথক ভাবে সংরক্ষণ করবে।

২.১৩ ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্প এবং এর সাথে সম্পর্কিত সকল কার্যক্রম সহযোগী সংস্থা সরাসরি বাস্তবায়ন ও তত্ত্বাবধান করবে। এক্ষেত্রে সংস্থা ভ্যালু চেইন প্রকল্প মূল্যায়ন, তদারকি এবং পরামর্শ প্রদানের জন্য একটি কমিটি গঠন করবে, এবং কমিটির সুনির্দিষ্ট পরামর্শের আলোকে প্রকল্পের কর্মকাণ্ড অন্তর্ভুক্ত করা হবে।

২.১৪ বর্তমান উপ-প্রকল্পটি চলমান উপ-প্রকল্পের আওতায় সম্প্রসারিত কর্মকাণ্ড যার মঞ্জুরীকৃত অনুদান ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা। সহযোগী সংস্থা সম্প্রসারিত উপ-প্রকল্পের কর্মকাণ্ড মাঠ পর্যায়ে পরিচালনা করে পিকেএসএফ-এ পুনঃভরণের আবেদন করবে। পিকেএসএফ এক বা একাধিক কিস্তিতে কাজের অগ্রগতি বিবেচনা করে পুনঃভরণের মাধ্যমে সহযোগী সংস্থাকে অর্থ প্রদান করবে। এ চুক্তির আওতায় পিকেএসএফ হতে প্রাপ্ত সকল অর্থ পিকেএসএফ-এর অর্থায়নে পরিচালিত সংস্থার ক্ষুদ্রঋণ কার্যক্রমের জন্যে প্রযোজ্য ব্যাংক হিসাবের মাধ্যমে গ্রহণ করে পরবর্তীতে সংশ্লিষ্ট শাখায় স্থানান্তর করতে হবে। যে সকল শাখায় ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত হবে সেসকল শাখায় ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্পের অর্থ লেন-দেনের জন্যে পৃথক ব্যাংক হিসাব থাকতে হবে।

২.১৫ ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্প বিষয়ক সমীক্ষা বা জরীপের ফলাফল প্রকাশের অধিকার পিকেএসএফ কর্তৃক সংরক্ষিত থাকবে। পিকেএসএফ-এর সম্মতি ব্যতিরেকে কোন জরীপ বা সমীক্ষার ফলাফল সহযোগী সংস্থা প্রকাশ করতে পারবে না।

২.১৬ ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্পের উদ্দেশ্য এবং এই অনুদান চুক্তির বাধ্যবাধকতাকে বাধাগ্রস্ত করে অথবা বাধাগ্রস্ত করার হুমকি সৃষ্টি করে এমন সকল পরিস্থিতির বিষয় সহযোগী সংস্থা তাৎক্ষণিকভাবে পিকেএসএফ-কে অবহিত করবে এবং এ বিষয়ে সহযোগী সংস্থা পিকেএসএফ-এর সাথে আলোচনা করে প্রয়োজনীয় প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করবে।

২.১৭ প্রদত্ত তহবিল বিষয়ে পিকেএসএফ প্রণীত প্রচলিত শর্তাবলী এবং সময়ে সময়ে পিকেএসএফ কর্তৃক গ্রহীত/আরোপিত যুক্তিসঙ্গত অনুরূপ অন্যান্য শর্তাবলী সহযোগী সংস্থার উপর প্রযোজ্য হবে, যা এই চুক্তির অংশ হিসেবে বিবেচিত হবে।

২.১৮ পরিশিষ্ট-১: সম্প্রসারিত কর্মকাণ্ড ও বাজেট বিবরণী পৃষ্ঠা নং ৬ এ চুক্তিপত্রের অংশ হিসাবে বিবেচিত হবে।

২.১৯ পরিশিষ্ট-২: পুনঃভরণের ক্ষেত্রে সংস্থা কর্তৃক প্রদেয় প্রাপ্তি স্বীকার পত্রের ছক পৃষ্টা নং ৭ হতে ৮। পুনঃভরণ প্রাপ্তি স্বীকার পত্রে স্বাক্ষরকারী ব্যক্তিকে সহযোগী সংস্থার কার্যনির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত হতে হবে।

২.২০ পরিশিষ্ট-৩: সহযোগী সংস্থার অনুমোদিত কার্যনির্বাহী কমিটির তালিকা। সহযোগী সংস্থার পক্ষে চুক্তিপত্রে স্বাক্ষরের জন্যে ক্ষমতা প্রদানের বিষয়ে কার্যনির্বাহী কমিটির সভার সিদ্ধান্তের কার্যবিবরণী।

৩.০ এ চুক্তির সাথে সম্পর্কিত বিষয়ে ভবিষ্যতে কোন বিরোধ বা মতদ্বৈততা সৃষ্টি হলে তা নিরসনে পিকেএসএফ-এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৪.০ সম্প্রসারিত কর্মকাণ্ডের আওতায় শুটকী মাছ প্রস্তুতের জন্যে সোলার ফিস ড্রায়ারটি উদ্যোক্তা পর্যায়ে আশানুরূপ সাড়া ফেলেছে। এরই ধারাবাহিকতায় ড্রায়ারটি বহুল ব্যবহারের লক্ষ্যে উদ্ভাবক উদ্যোক্তা দিয়ে এটির কর্মব্যপ্তি বর্ধন করে নতুন প্রযুক্তি 'কুল ড্রায়ার' প্রস্তুত করা হয়েছে। এই 'কুল ড্রায়ার'-এর মাধ্যমে মাছ শুকানোর পাশাপাশি শাক-সবজী, ফল-ফলাদি, শিমের বীচি, বাসক পাতা, সজনে পাতা ইত্যাদি শুকানো সম্ভব হবে।

৫০. পিকেএসএফ কর্তৃক সম্পাদিত FEDEC প্রকল্পের আওতায় সারা দেশে বাসক পাতা উৎপাদনের কাজ পরিচালনা করা হয়েছিল যার ফলশ্রুতিতে দেশে বিভিন্ন অঞ্চলে বাসক পাতা উৎপাদন ক্লাষ্টার সৃষ্টি হয়েছে। বর্তমানে 'সমৃদ্ধি' কর্মসূচীর আওতায় উদ্যোক্তা পর্যায়ে বাসক পাতা উৎপাদন এবং প্রক্রিয়াজাতকরণে PACE প্রকল্পের আওতায় 'কুল ড্রায়ার' প্রযুক্তিটি সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এলক্ষ্যে, দেশের প্রায় সকল বিভাগে 'কুল ড্রায়ার' প্রযুক্তি ১২টি সহযোগী সংস্থা (ওয়েভ ফাউন্ডেশন, সাগ্রাম, আইডিএফ, এমবিএসকে, এফডিএ, ঘাসফুল, এসকেএস ফাউন্ডেশন, ডিএসকে, জাকস ফাউন্ডেশন, ইএসডিও, টিএমএসএস, উদ্দীপন)-এর মাধ্যমে স্ব স্ব সংস্থার সংগঠিত উদ্যোক্তাদের মধ্যে (প্রতিটি সংস্থা ১টি করে) বিতরণ করা হবে। উল্লিখিত ১২টি সংস্থার ১২জন উদ্যোক্তাকে ড্রায়ার স্থাপন ও পরিচালনা বাবদ প্রতি জনকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা অনুদান সহায়তা সম্প্রসারিত উপ-প্রকল্পের মাধ্যমে প্রদান করা হবে। এছাড়া, সম্প্রসারিত উপ-প্রকল্পের আওতায় ক্রয়কৃত ২টি ভ্যাকুয়াম মেশিনের একটি শুকনো বাসক পাতা মোড়কজাতকরণের জন্যে সহযোগী সংস্থা ইকো সোশ্যাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও)-কে প্রদান করা হবে।

৬.০ সম্প্রসারিক উপ-প্রকল্পের আওতায় একটি কমন সার্ভিস সেন্টার স্থাপন করা হবে। কমন সার্ভিস সেন্টারে প্রয়োজনীয় যন্ত্রপাতি যেমন: ভ্যাকুয়াম মেশিন, কাটিং মেশিন, ওয়েট মেশিন, হ্যান্ড সিলার মেশিন সহযোগী সংস্থা 'কোষ্ট ট্রাষ্ট' ক্রয় করবে। উল্লেখ্য যে, কমন সার্ভিস সেন্টার পরিচালনা ব্যয় সম্প্রসারিত উপ-প্রকল্পের আওতায় আট মাস সময় কালে অংশীদারিত্বের ভিত্তিতে প্রদান করা হবে। প্রকল্প শেষ হলে কমন সার্ভিস সেন্টারটির পরিচালনা ব্যয় উদ্যোক্তা বহন করবে। উপ-প্রকল্পের উৎপাদিত নিরাপদ শুটকী মাছের বাজার সম্প্রসারণের জন্যে নানাবিধ রেসিপি প্রস্তুত করে কক্সবাজারের ট্যুরিষ্ট এলাকাগুতে প্রদর্শন করা হবে।

৭.০ সম্প্রসারিত উপ-প্রকল্পের কর্মকাণ্ড পরিচালনার জন্যে একজন ভ্যালু চেইন ফ্যাসিলিটেটর এবং একজন সহকারী ভ্যালু চেইন ফ্যাসিলিটেটর কাম একাউন্টস অফিসার নিয়োজিত থাকবে। এছাড়া, সংস্থা প্রকল্প সমন্বয়কারী হিসেবে একজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করবেন যিনি মাঠ, অফিস এবং পিকেএসএফ-এর সাথে সমন্বয় করে কর্মকাণ্ড পরিচালনা করবে। উপ-প্রকল্পের কর্মকাণ্ড সুষ্ঠুভাবে পরিচালনার জন্যে কোষ্ট ট্রাষ্ট ও পিকেএসএফ-এর সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী সহয়তা/সহযোগিতা করবে।

৮.০ বিগত ২০/২/২০১৭ তারিখে স্বাক্ষরিত তিন বছর মেয়াদী "ফিস ড্রায়ার ও জৈব পদ্ধতি ব্যবহারের মাধ্যমে বিষমুক্ত শুটকী মাছ উৎপাদন ও বাজারজাতকরণের দ্বারা উদ্যোক্তাদের আয়বৃদ্ধি ও জীবনযাত্রার মান উন্নয়ন" শীর্ষক উপ-প্রকল্পটি এই চুক্তি পত্রে 1st phase বলে উল্লেখ করা হবে। পিকেএসএফ উল্লিখিত উপ-প্রকল্পটির মেয়াদ আট মাস সম্প্রসারণ/বৃদ্ধি করার পাশাপাশি নতুন কর্মকাণ্ড এবং নতুন কর্মকাণ্ড বাস্তবায়নের জন্যে ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা অনুদান মঞ্জুরী প্রদান করেছে। সে মোতাবেক চলমান উপ-প্রকল্পটি ১৯/২/২০২০ তারিখের পরিবর্তে ১৯/১০/২০২০ তারিখে শেষ হবে। সম্প্রসারিত এই উপ-প্রকল্পটিকে এই চুক্তি পত্রে 2nd phase হিসেবে উল্লেখ করা হবে। সেমোতাবেক কোষ্ট ট্রাষ্ট সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন "ফিস ড্রায়ার ও জৈব পদ্ধতি ব্যবহারের মাধ্যমে বিষমুক্ত শুটকী মাছ উৎপাদন ও



Rezaul Karim Chowdhury
Executive Director
COAST Trust

বাজারজাতকরণের দ্বারা উদ্যোক্তাদের আয়বৃদ্ধি ও জীবনযাত্রার মান উন্নয়ন" শীর্ষক উপ-প্রকল্পটির মেয়াদ ২০/২/২০১৭ থেকে ১৯/১০/২০২০ এবং মোট অনুদান (১,৩৫,৬০,০০০+২৫,০০,০০০)= ১,৬০,৬০,০০০/- (এক কোটি ষাট লক্ষ ষাট হাজার) টাকা।

৯.০ "ফিস ড্রায়ার ও জৈব পদ্ধতি ব্যবহারের মাধ্যমে বিষমুক্ত শুটকী মাছ উৎপাদন ও বাজারজাতকরণের দ্বারা উদ্যোক্তাদের আয়বৃদ্ধি ও জীবনযাত্রার মান উন্নয়ন" শীর্ষক উপ-প্রকল্পের 1st phase- এ প্রকল্প পরবর্তী মূল্যায়ন এবং প্রতিবেদন প্রণয়ন (৭.২) এবং প্রকাশনা (৭.৩) খাতের (৫,০০,০০০+২,৫০,০০০)= ৭,৫০,০০০/- (সাত লক্ষ পঞ্চাশ হাজার) টাকা এবং এই কর্মকাণ্ড 1st phase- এ বাস্তবায়ন না করে 2nd phase-এ পরিচালনা করা হবে। কেননা উপ-প্রকল্পের ইম্প্যাক্ট প্রাপ্তের জন্যে প্রকল্পের মেয়াদ কাল শেষ করা প্রয়োজন। সে মোতাবেক উপ-প্রকল্পের পরবর্তী মূল্যায়ন এবং প্রতিবেদন প্রণয়ন এবং এতদ্বিষয়ক প্রকাশনা 2nd phase-এ পরিচালনা করা হবে।

১০.০ এ চুক্তির কোন ধারা বাতিল, সংশোধন ও পরিমার্জনের বিষয় শুধুমাত্র পিকেএসএফ-এর এখতিয়ারে থাকবে। পিকেএসএফ কর্তৃক সহযোগী সংস্থা বরাবরে প্রদেয় অনুদান সহায়তা স্থগিত বা বাতিল করার অধিকার পিকেএসএফ সংরক্ষণ করবে। পিকেএসএফ প্রয়োজনে সমুদয় অর্থ সহযোগী সংস্থা কর্তৃক এক বা একাধিক কিস্তিতে পরিশোধের নির্দেশ প্রদান করতে পারবে। নিম্নোক্ত এক বা একাধিক ঘটনার উদ্ভব হলে পিকেএসএফ অনুদান সহায়তা তাৎক্ষণিকভাবে বাতিল/স্থগিত করতে পারবে।

(ক) যদি অত্র চুক্তিপত্রের যে কোন বাধ্যবাধকতা পালনে সহযোগী সংস্থা ব্যর্থ হয়;

(খ) যদি পিকেএসএফ-এর নিজস্ব বিচারে প্রতীয়মান হয় যে, সহযোগী সংস্থা কর্তৃক ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্প সঠিকভাবে বাস্তবায়িত হচ্ছে না অথবা অনুদানের অর্থ সদ্ব্যবহার হচ্ছে না;

(গ) যদি পিকেএসএফ-এর নিজস্ব বিচারে প্রতীয়মান হয় যে, ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্পটি পিকেএসএফ-এর লক্ষ্য বিঘ্নিত করছে বা পিকেএসএফ-এর লক্ষ্য থেকে বিচ্যুত হচ্ছে বা পিকেএসএফ-এর লক্ষ্যের সাথে সঙ্গতিপূর্ণ হচ্ছে না এবং

(ঘ) উপরোক্ত যেকোন ঘটনা ঘটলে সহযোগী সংস্থা অনুদানের সম্পূর্ণ অর্থ পিকেএসএফ-কে ফেরত দিতে বাধ্য থাকবে। প্রয়োজনে পিকেএসএফ অর্থ আদায়ের জন্য পিডিআর এ্যাক্ট সহ দেশে প্রচলিত যে কোন আইন এর আওতায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

১১.০ এই চুক্তিপত্রের শর্তাবলীতে সম্মতি প্রকাশ করে উভয়পক্ষ নিম্নে স্বাক্ষর প্রদান করলেন।

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর পক্ষে

স্বাক্ষর :

তারিখ : 28/02/2020

পূর্ণ নাম : মোঃ ফজলুল কাদের

পদবী : উপ-ব্যবস্থাপনা পরিচালক

মোঃ ফজলুল কাদের
উপ-ব্যবস্থাপনা পরিচালক-১
পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

"Coastal Association for Social Transformation Trust (COAST Trust)"-এর পক্ষে

স্বাক্ষর :

তারিখ :

পূর্ণ নাম : রেজাউল করিম চৌধুরী

পদবী : নির্বাহী পরিচালক

Rezaul Karim Chowdhury
Executive Director
COAST Trust

সহযোগী সংস্থার পক্ষে সাক্ষী (নাম ও পূর্ণ ঠিকানা):

১। Tarik Sayed Harun
Director-Core Program
COAST Trust

২। Bareq































ul Islam Chowdhury
Assistant Director-EnD
COAST Trust

পিকেএসএফ-এর পক্ষে সাক্ষী (নাম ও পদবী):

১। ড. আকন্দ মোঃ রফিকুল ইসলাম
সিনিয়র ব্যবস্থাপক (কার্যক্রম)
পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

২। এস.এম. ফারুক-উল-আলম
ভ্যালু চেইন স্পেশালিস্ট
PACE প্রকল্প
পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

## ভ্যালু চেইন উন্নয়ন সম্প্রসারিত উপ-প্রকল্পের কর্মকাণ্ড ও বাজেট বিবরণী

| প্রকল্পের খাত সমুহ | একক | সংখ্যা | খরচ বা মূল্য (একক প্রতি) | অর্থবছর: ২০১৯-২০২০ (২০/২/২০২০ হতে ৩০/৬/২০২০ পর্যন্ত) পিকেএসএফ-এর অংশ | অর্থবছর: ২০২০-২০২১ (১/৭/২০২০ হতে ১৯/৯/২০২০ পর্যন্ত) পিকেএসএফ-এর অংশ | মোট বাজেট পিকেএসএফ-এর অংশ |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১.১. প্রকল্প বাস্তবায়নে প্রশাসনিক খাতে ব্যয়: | | | | | | |
| ১.১.১ অফিস ভাড়া, অফিস রক্ষণাবেক্ষণ, ইউটিলিটি | মাস | ৮ | ২০০০ | ৮০০০ | ৮০০০ | ১৬০০০ |
| ১.১.২ ডাক খরচ, ষ্টেশনারী, ব্যাংক চার্জ ও ফটোকপি | মাস | ৮ | ২০০০ | ৮০০০ | ৮০০০ | ১৬০০০ |
| ১.১.৩ ইন্টারনেট | মাস | ৮ | ৫০০ | ২০০০ | ২০০০ | ৪০০০ |
| ১.১.৪ প্রকল্প যাতায়াত | সংখ্যা | ৮ | ২০০০ | ৮০০০ | ৮০০০ | ১৬০০০ |
| '১' এর উপমোট | | | | ২৬০০০ | ২৬০০০ | ৫২০০০ |
| ২। কর্মকাণ্ড বাস্তবায়নে নিয়োজিত জনবলের বেতন-ভাতাদি: | | | | | | |
| ২.১.১ ভ্যালু চেইন ফ্যাসিলিটেটর-এর বেতন (১জন) | মাস | ৯ | ৪০০০০ | ১৮০০০০ | ১৮০০০০ | ৩৬০০০০ |
| ২.১.২ সহকারী ভ্যালু চেইন ফ্যাসিলিটেটর কাম একাউন্টস অফিসার-এর বেতন (১জন) | মাস | ৯ | ৩০০০০ | ১৩৫০০০ | ১৩৫০০০ | ২৭০০০০ |
| ২.১.৩ মোটর সাইকেল জ্বালানী ও রক্ষণাবেক্ষণ | মাস | ৮ | ১২০০ | ৪৮০০ | ৪৮০০ | ৯৬০০ |
| ২.১.৪ ভ্যালু চেইন ফ্যাসিলিটেটর-এর মোবাইল বিল | মাস | ৮ | ৫০০ | ২০০০ | ২০০০ | ৪০০০ |
| ২.১.৪ সহকারী ভ্যালু চেইন ফ্যাসিলিটেটর কাম একাউন্টস অফিসার-এর মোবাইল বিল | মাস | ৮ | ৩০০ | ১২০০ | ১২০০ | ২৪০০ |
| ২.২.৫. প্রকল্প সমন্বয়কারীর যাতায়াত | মাস | ৮ | ২০০০ | ৮০০০ | ৮০০০ | ১৬০০০ |
| ২.২.৬ সেড- এমআইএস/এফআইএস বেতন | মাস | ৮ | ১০০০ | ৪০০০ | ৪০০০ | ৮০০০ |
| ২.২.৭. বিদ্যুৎ বিল | মাস | ৮ | ১০০০ | ৪০০০ | ৪০০০ | ৮০০০ |
| '২' এর উপমোট | | | | ৩৩৯০০০ | ৩৩৯০০০ | ৬৭৮০০০ |
| ৪। লজিস্টিক ব্যয়: | | | | | | |
| ৪.১ ছায়ার প্রযুক্তি প্রস্তুতের জন্যে অনুদান প্রদান | সংখ্যা | ১২ | ৭০০০০ | ৮৪০০০০ | | ৮৪০০০০ |
| ৪.২ ছায়ার স্থাপন ও পরিচালনা বাবদ অনুদান প্রদান | সংখ্যা | ১২ | ২০০০০ | ২৪০০০০ | | ২৪০০০০ |
| ৪.৩ ভ্যাকুয়াম মেশিন ক্রয় | সংখ্যা | ২ | ১২৫০০০ | ২৫০০০০ | | ২৫০০০০ |
| ৪.৪ কাটিং মেশিন ক্রয় | সংখ্যা | ২ | ১০০০০ | ২০০০০ | | ২০০০০ |
| ৪.৫ ওয়েট মেশিন | সংখ্যা | ২ | ৪০০০ | ৮০০০ | | ৮০০০ |
| ৪.৬ হ্যান্ড সিলার মেশিং | সংখ্যা | ২ | ২০০০ | ৪০০০ | | ৪০০০ |
| ৪.৭ মোড়ক প্রস্তুত | সংখ্যা | ৮ | ২৫০০০ | ১০০০০০ | ১০০০০০ | ২০০০০০ |
| ৪.৮ কমন সার্ভিস সেন্টারের পরিচালনা ব্যয় | মাস | ৮ | ২০০০ | ৮০০০ | ৮০০০ | ১৬০০০ |
| ৪.৯ শুটকির রেসিপি প্রস্তুত ও প্রদর্শন | থোক | | | ৮০০০০ | ৮০০০০ | ১৬০০০০ |
| '৪' এর ব্যয় | | | | ১৫৫০০০০ | ১৮৮০০০ | ১৭৩৮০০০ |
| ৫। মূলধন জাতীয় ব্যয়: | | | | | | |
| ৫.১ ট্যাব | সংখ্যা | ১ | ৩২০০০ | ৩২০০০ | | ৩২০০০ |
| '৫' এর ব্যয় | | | | ৩২০০০ | | ৩২০০০ |
| প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় (১+২+৩+৪+৫) | | | | ১৯৪৭০০০ | ৫৫৩০০০ | ২৫০০০০০ |



.ezaul Karim Chowdhury
.xecutive Director
'OAST Trust

পরিশিষ্ট-২ (পৃষ্ঠা ৭-৮)

# Promoting Agricultural Commercialization and Enterprises (PACE)

প্রকল্পের আওতায় অনুদান ব্যবহার সংক্রান্ত প্রত্যয়ন ও পুনঃভরণ প্রাপ্তি স্বীকার পত্র

১.০ '.............' সংস্থা--- কর্তৃক Promoting Agricultural Commercialization and Enterprises (PACE) প্রকল্পের আওতায় "........................................" শীর্ষক ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্যে বিগত ........... তারিখে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এবং '.............' সংস্থা এর মধ্যে একটি অনুদান চুক্তিপত্র স্বাক্ষরিত হয়েছে। ------- ভ্যালু চেইন প্রকল্প বাস্তবায়নের জন্যে মোট ব্যয় হবে ................/- (............................) টাকা। এর মধ্যে সংযুক্ত তালিকায় উল্লিখিত খাতে ব্যয় করার জন্যে '.............' সংস্থা পিকেএসএফ হতে মোট ................/- (............................) টাকা অনুদান সহায়তা পাবে বলে আশা করছি।

২.০ ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্প চুক্তিপত্র-এর আওতায় সংযুক্ত বিবরনী মোতাবেক ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্যে বিগত ........... তারিখে পিকেএসএফ হতে সহযোগী সংস্থা '.............' অনুমোদিত মোট অনুদান ........... /- টাকার .......% অর্থাৎ বিগত ........... তারিখে টাকা অগ্রিম হিসাবে গ্রহণ করা হয়েছে। সংস্থা চুক্তিপত্রের শর্তানুসারে ...........হতে ...........পর্যন্ত সংযুক্ত বিবরণীতে উল্লিখিত খাতে ................/- (............................) টাকা প্রকল্প বাস্তবায়নের জন্যে ব্যয় করেছে।

৩.০ সহযোগী সংস্থা কর্তৃক ...........হতে ...........পর্যন্ত সংযুক্ত বিবরণীতে উল্লিখিত খাতে ব্যয়কৃত মোট ................/- (............................) টাকা পুনঃভরণের ভিত্তিতে অনুদান বাবদ অদ্য ............. তারিখে চেক নং ..........., তারিখ ............., ............. ব্যাংক, ............. শাখা, ঢাকা এর মাধ্যমে সংস্থার পক্ষে আমি নিম্নস্বাক্ষরকারী গ্রহণ করলাম।

এই প্রসঙ্গে প্রত্যয়ন করা যাচ্ছে যে, উপরোক্ত খাতসমূহে গ্রহণকৃত সমুদয় টাকা ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্প চুক্তিপত্র এর শর্ত অনুযায়ী ব্যবহার করেছি।

এতদ্‌প্রসংগে আরও প্রত্যয়ন করা যাচ্ছে যে, উপরোক্ত তথ্যসমূহ সঠিক এবং এ বিষয়ে পরবর্তীতে কোন অনিয়ম/অন্যথা প্রতীয়মান হলে কিংবা এই চুক্তিপত্রের কোন শর্ত ভঙ্গ করলে পিকেএসএফ যথাবিহীত ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

সহযোগী সংস্থার পক্ষে -

স্বাক্ষর :

তারিখ :

পূর্ণ নাম :

পদবী :

Rezaul Karim Chowdhury
Executive Director
COAST Trust

সংযুক্তি

| ক্র. নং | অন্তর্ভুক্ত পুনর্ভরণ খাতসমূহের নাম | মোট বাজেট (পিকেএসএফ এর অংশ) | ............. হতে............. পর্যন্ত পুনর্ভরণ বাবদ অর্থের পরিমাণ | | | পূর্ববর্তী কোয়ার্টার পর্যন্ত পুনর্ভরণ | এ পর্যন্ত পুনর্ভরণ | বাজেটের অবশিষ্ট অংশ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | অগ্রিম সমন্বয় | চেকের মাধ্যমে গ্রহণ | মোট পুনর্ভরণকৃত অর্থ | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | মোট | | | | | | | |

............. তারিখ পর্যন্ত কার্যক্রম বাস্তবায়নে সংস্থার মোট ব্যয় ............. টাকা যা পিকেএসএফ কর্তৃক অগ্রিম সমন্বয় ও পুনর্ভরণ বাবদ অনুমোদিত হয়েছে।

অদ্য ............. তারিখে ............. হতে ............. পর্যন্ত ব্যয়কৃত মোট ............. /-( .............) টাকা পুনর্ভরণের ভিত্তিতে গ্রহণ করা হল।

Rezaul Karim Chowdhury
Executive Director
COAST Trust

সহযোগী সংস্থার নাম ও ঠিকানা Coastal Association for Social Transformation Trust (COAST Trust)

কার্যনির্বাহী কমিটির সভা নম্বর ঃ ১০৭ তম

সভার স্থান ঃ কোস্ট ট্রাস্ট, বাসা নং - ১৩,(১ম তলা) সড়ক - ২, শ্যামলী, ঢাকা-১২০৭

বিশেষ সভার তারিখ ঃ ১৫ ফেব্রুয়ারি ২০২০ খৃঃ

সময় ঃ শনিবার, বিকাল ৩.৩০টা

| উপস্থিত সদস্যবৃন্দের নাম | | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | বেগম শামসুন্নাহার | সভাপতি | Begum Shamsun Nahar<br>Chairperson Board of Trustee<br>COAST Trust |
| ২। | জনাব মিনার মুনসুর | সহ সভাপতি | Minar Monsur<br>Vice Chairperson Board of Trustee<br>COAST Trust |
| ৩। | জনাব ড. তোফায়েল আহমেদ | সদস্য | Dr. Tofail Ahmed<br>Member Board of Trustee<br>COAST Trust |
| ৪। | এম জহিরুল আলম এফসিএ | কোষাধ্যক্ষ | M Zahirul Alam, FCA<br>Treasurer Board of Trustee<br>COAST Trust |

প্রস্তাবনা ১ ঃ পূর্ববর্তী সভায় কার্যাবিবরনী অনুমোদন।

প্রস্তাবনা ২ ঃ ক্ষুদ্র ঋণ কার্যক্রম পর্যালোচনা ও ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সাথে ঋণ চুক্তি সম্পাদন।

The Coastal Association for Social Transformation Trust সহযোগী সংস্থা পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশন হতে ঋণ কার্যক্রম পরিচালনার জন্য নিম্নবর্ণিত অনুযায়ী তহবিল প্রাপ্তি পরিশোধ করেছেঃ

ক) গ্রামীন ক্ষুদ্র ঋণ বাবদ ফাউন্ডেশন হতে এ যাবৎ ৪৮,৭৭,০০,০০০/- টাকা গ্রহন করে ঋণ পরিশোধের তফসিল অনুযায়ী এ যাবৎ ৪৮,৭৭,০০,০০০/- টাকা (আসল) ও তৎসংশ্লিষ্ট ৪,৩১,৬২,১১০ টাকা সার্ভিজ চার্জ পরিশোধ করেছে। ঋণ পরিশোধের তফসিল অনুযায়ী এ পর্যায়ে সহযোগী সংস্থার ফাউন্ডেশন বরাবরে বরাবরে আর কোন দেনা পাওনা নেই।

খ) MFTS ঋণ বাবদ ফাউন্ডেশন হতে ১৭,৮৫,০০,০০০/- টাকা গ্রহন করে ঋণ পরিশোধের তফসিল অনুযায়ী এ যাবৎ ১৭,৮৫,০০,০০০/- টাকা (আসল) ও তৎসংশ- ষ্ট সার্ভিজ চার্জ পরিশোধ করেছে। ঋণ পরিশোধের তফসিল অনুযায়ী এ পর্যায়ে সহযোগী সংস্থার ফাউন্ডেশন বরাবরে আর কোন দেনা পাওনা নেই।

গ) হতদরিদ্রের ক্ষুদ্রঋণ" বাবদ ফাউন্ডেশন হতে ৭,০০,০০,০০০/- টাকা গ্রহন করে ঋণ পরিশোধের তফসিল অনুযায়ী এ যাবৎ ৭,০০,০০,০০০/ টাকা (আসল ) ও তৎসংশ্লিষ্ট সার্ভিজ চার্জ পরিশোধ করেছে । ঋণ পরিশোধের তফসিল অনুযায়ী এ পর্যায়ে সহযোগী সংস্থার ফাউন্ডেশন বরাবরে আর কোন দেনা পাওনা নেই।

ঘ) GOB-MEL কার্যক্রম বাবদ ফাউন্ডেশন হতে ২৪,৪০,০০,০০০/- টাকা গ্রহন করে ঋণ পরিশোধের তফসিল অনুযায়ী এ যাবৎ ২৪,৪০,০০,০০০/- টাকা (আসল) ও তদসংশ্লিষ্ট ২,৩০,২৫,০০০ টাকা সার্ভিজ চার্জ পরিশোধ করেছে। ঋণ পরিশোধের তফসিল অনুযায়ী এ পর্যায়ে সহযোগী সংস্থার ফাউন্ডেশন বরাবরে আর কোন দেনা পাওনা নেই।

ঙ) ID Component Loan বাবদ ফাউন্ডেশন হতে ১১,৫১,২৭৫/- টাকা গ্রহন করে ঋণ পরিশোধের তফসিল অনুযায়ী এ যাবৎ ১১,৫১,২৭৫/- টাকা (আসল) ও তৎসংশি- ষ্ট সার্ভিজ চার্জ পরিশোধ করেছে। ঋণ পরিশোধের তফসিল অনুযায়ী এ পর্যায়ে সহযোগী সংস্থার ফাউন্ডেশন বরাবরে আর কোন পরিশোধ্য নেই।

চ) Livelihood Restoration Program ঋণ বাবদ ফাউন্ডেশন হতে ৪,০০,০০,০০০/- টাকা গ্রহন করে ঋণ পরিশোধের তফসিল অনুযায়ী এ যাবৎ ৪,০০,০০,০০০/- টাকা (আসল) পরিশোধ করেছে। ঋণ পরিশোধের তফসিল অনুযায়ী এ পর্যায়ে সহযোগী সংস্থার ফাউন্ডেশন বরাবরে আর কোন পরিশোধ্য নেই।

ছ) Special Assistance for Housing of SIDR Affected Borrowers ( SAHOS) ( ঋণ বাবদ ফাউন্ডেশন হতে ৪০,০০,০০০/- টাকা গ্রহন করে ঋণ পরিশোধের তফসিল অনুযায়ী এ যাবৎ ৪০,০০,০০০/- টাকা আসল পরিশোধ করেছে। ঋণ পরিশোধের তফসিল অনুযায়ী এ পর্যায়ে সহযোগী সংস্থার ফাউন্ডেশন বরাবরে আর কোন পরিশোধ্য নেই।

Begum Shamsun Nahar
Chairperson Board of Trustee
COAST Trust

জ) Rehabilitation of SIDR affected Coastal Fishery Small Business & Livestock Enterprises (RESCUE) ঋণ বাবদ ফাউন্ডেশন হতে ৩,৬০,০০,০০০/- টাকা গ্রহন করে ঋণ পরিশোধের তফসিল অনুযায়ী এ যাবৎ ৩,৬০,০০,০০০/- টাকা আসল ও ৯,৯০,০০০/- টাকা সার্ভিসচার্জ পরিশোধ করেছে ঋণ পরিশোধের তফসিল অনুযায়ী এ পর্যায়ে সহযোগী সংস্থার ফাউন্ডেশন বরাবরে আর কোন পরিশোধ্য নেই।

ঝ) Emergency 2007 Flood Restoration and Recovery Assistance Program (EFRRAP) ঋণ বাবদ ফাউন্ডেশন হতে ২,২৫,০০,০০০/- টাকা গ্রহন করে ঋণ পরিশোধের তফসিল অনুযায়ী এ যাবৎ ২,২৫,০০,০০০/- টাকা আসল ও ১,০৮,৭৫০/- টাকা সার্ভিসচার্জ পরিশোধ করেছে। ঋণ পরিশোধের তফসিল অনুযায়ী এ পর্যায়ে সহযোগী সংস্থার ফাউন্ডেশন বরাবরে আর কোন পরিশোধ্য নেই।

ঞ) মৌসুমী ঋণ কার্যক্রম (Seasonal loan) ঋণ বাবদ ফাউন্ডেশন হতে ১৫,৫০,০০,০০০/- টাকা গ্রহন করে ঋণ পরিশোধের তফসিল অনুযায়ী এ যাবৎ ১৫,৫০,০০,০০০/- টাকা আসল ও ৪৪,২৯,১৬৭/-টাকা সার্ভিসচার্জ পরিশোধ করেছে। ঋণ পরিশোধের তফসিল অনুযায়ী এ পর্যায়ে সহযোগী সংস্থার ফাউন্ডেশন বরাবরে আর কোন পরিশোধ্য নেই।

ট) Learning Innovation Fund to Test New Ideas (LIFT) ঋণ বাবদ ফাউন্ডেশন হতে ২,৫০,০০,০০০/- টাকা গ্রহন করে ঋণ পরিশোধের তফসিল অনুযায়ী এ যাবৎ ১,৫০,০০,০০০/- টাকা আসল ও ২,৭৪,৯১৭/- টাকা সার্ভিসচার্জ পরিশোধ করেছে ঋণ পরিশোধের তফসিল অনুযায়ী এ পর্যায়ে সহযোগী সংস্থার ফাউন্ডেশন বরাবরে আসল ও সার্ভিজ চার্জ বাবদ যথাক্রমে ১,০০,০০,০০০/- টাকা (আসল) এবং ১,০৭,৫০০/- টাকা পরিশোধ্য রয়েছে।

ঠ) নগর ক্ষুদ্র ঋণ (UMC) ঋণ বাবদ ফাউন্ডেশন হতে ৭,৫০,০০,০০০/- টাকা গ্রহন করে ঋণ পরিশোধের তফসিল অনুযায়ী এ যাবৎ ৭,৫০,০০,০০০/- টাকা (আসল) ও ৭০,৫৯,৩৭৫/- টাকা সার্ভিজ চার্জ পরিশোধ করা হয়েছে। ঋণ পরিশোধের তফসিল অনুযায়ী এ পর্যায়ে সহযোগী সংস্থার ফাউন্ডেশন বরাবরে আর কোন পরিশোধ্য নেই।

ড) **সমৃদ্ধি ঋণ** বাবদ ফাউন্ডেশন হতে ২,৩৫,০০,০০০/- টাকা গ্রহন করে ঋণ পরিশোধের তফসিল অনুযায়ী এযাবৎ, ১,০২,৫০,০৪০ টাকা (আসল) ও ১৪,৮৬৪৬১ টাকা সার্ভিজ চার্জ পরিশোধ করা হয়েছে। ঋণ পরিশোধের তফসিল অনুযায়ী এ পর্যায়ে সহযোগী সংস্থার ফাউন্ডেশন বরাবরে আসল ও সার্ভিজ চার্জ বাবদ যথাক্রমে ১,৩২,৪৯,৬৫০ টাকা এবং ৩৪১,১৬১ টাকা পরিশোধ্য রয়েছে।

ঢ) **জাগরন ক্ষুদ্র** ঋণ **(Jagaron)** ঋণ বাবদ ফাউন্ডেশন হতে ৬২,০০,০০,০০০/- টাকা গ্রহন করে ঋণ পরিশোধের তফসিল অনুযায়ী এ যাবৎ ৪২,৮৫,০০,০০০/- আসল ও ৬,৪২,৯৩,৭৫০/- টাকা সার্ভিসচার্জ পরিশোধ করা হয়েছে। ঋণ পরিশোধের তফসিল অনুযায়ী এ পর্যায়ে সহযোগী সংস্থার ফাউন্ডেশন বরাবরে আসল ও সার্ভিজ চার্জ বাবদ যথাক্রমে ১৯,১৫,০০,০০০/- টাকা এবং ১,৮৩,৯৩,৭৫০/- টাকা পরিশোধ্য রয়েছে।

ণ) অগ্রসরঋণ (Agrashor) ঋণ বাবদ ফাউন্ডেশন হতে ৪৪,৫০,০০,০০০/- টাকা গ্রহন করে ঋণ পরিশোধের তফসিল অনুযায়ী এ যাবৎ ২৮,৪৫,০০,০০০/- আসল ও ৪,৩৫,৬৫,৬২৫/- টাকা সার্ভিসচার্জ পরিশোধ করা হয়েছে। ঋণ পরিশোধের তফসিল অনুযায়ী এ পর্যায়ে সহযোগী সংস্থার ফাউন্ডেশন বরাবরে আসল ও সার্ভিজ চার্জ বাবদ যথাক্রমে ১৬,০৫,০০,০০০/- টাকা এবং ১,৬১,০৬,২৫০/- টাকা পরিশোধ্য রয়েছে।

ত) বুনিয়াদ (Buniad) ঋণ বাবদ ফাউন্ডেশন হতে ১৯,৮০,০০,০০০/- টাকা গ্রহন করে ঋণ পরিশোধের তফসিল অনুযায়ী এ যাবৎ ১৬,১৩,৩৩,৩৩৮/- আসল ও ২৩,৫৫,৮৩৩/- টাকা সার্ভিসচার্জ পরিশোধ করা হয়েছে। ঋণ পরিশোধের তফসিল অনুযায়ী এ পর্যায়ে সহযোগী সংস্থার ফাউন্ডেশন বরাবরে আসল ও সার্ভিজ চার্জ বাবদ যথাক্রমে ৩,৬৬,৬৬,৬৬২/- টাকা এবং ৩,৮৩,৩২৯/- টাকা পরিশোধ্য রয়েছে।

অঅ) সুফলন (Sufolon) ঋণ বাবদ ফাউন্ডেশন হতে ১৭,০০,০০,০০০/- টাকা গ্রহন করে ঋণ পরিশোধের তফসিল অনুযায়ী এ যাবৎ ১৫,০০,০০,০০০/- আসল ও ৬২,৭০,৮৩৩- টাকা সার্ভিসচার্জ পরিশোধ করা হয়েছে। ঋণ পরিশোধের তফসিল অনুযায়ী এ পর্যায়ে সহযোগী সংস্থার ফাউন্ডেশন বরাবরে আসল ও সার্ভিজ চার্জ বাবদ যথাক্রমে ২,০০,০০,০০০/- টাকা এবং ৮,৭৫,০০০/- টাকা পরিশোধ্য রয়েছে।

ইই) অগ্রসর এসইপি (Agrosor-SEP) ঋণ বাবদ ফাউন্ডেশন হতে ২,০০,০০,০০০/- টাকা গ্রহন করে ঋণ পরিশোধের তফসিল অনুযায়ী এ যাবৎ কোন কিস্তি পরিশোধ করা হয়নি।

Begum Shamsun Nahar
Chairperson-Board of Trustee
COAST Trust

আলোচনা ঃ

কোস্ট ট্রাস্ট এ পর্যন্ত সর্বমোট ২৮১,৫৩,৫১,২৭৫/- টাকা পিকেএসএফ হতে ঋণ হিসাবে গ্রহন করে ২৫৭,৭৯,৬৯,৯১৫/-টাকা ফেরৎ দিয়েছে, যার মধ্যে আসল ২৩৬,৩৪,৩৪,৯৫৩/- টাকা এবং সার্ভিস চার্জ ২১,৪৫,৩৪,৯৬২/- টাকা। বর্তমানে সংস্থার নিকট ফাউন্ডেশনের ঋণ স্থিতি ৪৫,১৯,১৬,৩২২/-(আসল) টাকা (১২ ফেব্রুয়ারি ২০২০ পর্যন্ত)।

এসএফ হতে এ পর্যন্ত ৮৪,৮৫,৬১,০০০ টাকা ঋণ গ্রহন করে এ পর্যন্ত ৭৬,৮১,২৩,৫০২ টাকা ফেরৎ প্রদান করেছে। স্ত্রীমি ফাউন্ডেশন কোস্ট ট্রাস্টের নিকট পাওনা আছে (আসল) ৯,০৮,৪৩,৭৪৯/- টাকা অদ্য (১২ ফেব্রুয়ারি ২০২০ পর্যন্ত)।

বাণিজ্যিক ব্যাংক হতে এ যাবৎ ১৫৭,০০,০০,০০০/- টাকা ঋণ গ্রহনে করে ৯৭,৪৪,৯৩,৫২৭ টাকা ফেরৎ প্রদান করে । ।বর্তমান ঋণ স্থিতির পরিমান ৫৯,৫৫,৫০,৪৭৩ টাকা (১২ ফেব্রুয়ারি ২০২০ পর্যন্ত)।

সংস্থা ঋণ কার্যক্রমের আওতায় মাঠ পর্যায়ে এ যাবৎ ২৩,৩৭০,০৮৯,৪৮০ টাকার ঋণ সুবিধা প্রদান করেছে। বর্তমানে সহযোগী সংস্থার মাঠ পর্যায়ে ঋণস্থিতি ২২১,৪৬,২৪,১৬৯/-টাকা, (৩১ অক্টোবর ২০১৯ পর্যন্ত) এবং ঋণ আদায়ের হার ৯৯.৫৮% (এযাবৎ)।
তহবিল ও মাঠ পর্যায়ে ঋণ কার্যক্রম সম্পর্কে উল্লেখযোগ্য পর্যবেক্ষকসমূহ (যদি থাকে) ঃ অক্টোবর ২০১৯ এর শেষে সংস্থার সঞ্চয় স্থিতি ৮৫,৮৪,৩৩,৯৭৪ টাকা । এফডিআর স্থিতি ১১,৬২,৪৭,৫১৪/- টাকা যাহা সঞ্চয়ের ১২.৫৪%।

সিদ্ধান্ত ঃ

কার্য নির্বাহী কমিটি /বোর্ড অব ট্রাস্টি 'র উপস্থিত সদস্যবৃন্দ সহযোগী সংস্থা কর্তৃক পরিচালিত ক্ষুদ্র ঋণ কার্যক্রমে তহবিলের ব্যবহার সম্পর্কে অবগত হন। কার্য নির্বাহী কমিটি /বোর্ড অব ট্রাস্টি সকল দাতাসংস্থার সাথে সম্পাদিত ঋণচুক্তিপত্রে বিধৃত সহযোগী সংস্থা কর্তৃক পালনীয় শর্তাদি ও অঙ্গীকারসমূহ পালনে তাদের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন। সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ক) বিগত ২০/০২/২০১৭ তারিখে স্বাক্ষরিত ''ফিস ড্রায়ার ও জৈব পদ্ধতি ব্যবহারের মাধ্যমে বিষমুক্ত শুটকি মাছ উৎপাদন ও বাজারজাতকরণের দ্বারা উদ্যোক্তাদের আয়বৃদ্ধি ও জীবনযাত্রার মান উন্নয়ন'' শীর্ষক উপ-প্রকল্পটির মেয়াদ আট মাস সম্প্রসারণ/বৃদ্ধি করার পাশাপাশি নতুন কর্মকাণ্ড এবং নতুন কর্মকাণ্ড বাস্তবায়নের জন্যে ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা অনুদান অনুমোদন করায় ফাউন্ডেশনকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। উক্ত ঋণ গ্রহনের জন্য ফাউন্ডেশনের সাথে ঋন চুক্তি সম্পাদনের সিদ্ধান্ত হয়।

(খ) অদ্যকার সভায় সংস্থার পক্ষ হতে জনাব রেজাউল করিম চৌধুরী, সম্পাদক/ নির্বাহী পরিচালককে পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন এর সাথে উক্ত ঋণ চুক্তিসহ সকল প্রকার ঋণ ও অনুদান চুক্তিপত্র সম্পাদন, স্বাক্ষর করা এবং সকল প্রকার আর্থিক লেনদেন করার ক্ষমতা প্রদান করা হলো।

(গ) জনাব রেজাউল করিম চৌধুরী, সম্পাদক/ নির্বাহী পরিচালক যদি দেশের বা ঢাকার বাহিরে অবস্থান করেন, তখন তার পক্ষে জনাব সনত কুমার ভৌমিক/পরিচালক কে উক্ত ঋণ গ্রহনের জন্য ঋণ ও অনুদান চুক্তিপত্র সম্পাদন, স্বাক্ষর করা, চেক গ্রহন এবং সকল প্রকার আর্থিক লেনদেন করার ক্ষমতা প্রদান করা হলো।

সংস্থার কার্য নির্বাহী কমিটি /বোর্ড অব ট্রাস্টি'র ১৫.০২.২০১৯ খৃঃ তারিখে অনুষ্ঠিত বিশেষ সভার উপরোক্ত কার্যবিবরনী/র সংশ্লিষ্ট অংশ সত্যায়িত করা হলো।

স্বাক্ষর ঃ

Begum Shamsun Nahar
Chairperson-Board of Trustee
COAST Trust

তারিখ ১৫/০২/২০২০ খৃঃ

পূর্ন নাম ঃ বেগম শামছুন্নাহার

পদবী ঃ - সভাপতি

পূর্ন ঠিকানা ঃ দ্যা পেলেস, ফ্লাট-বি-২, হাউজ-১২, রোড-৯ বনানী, ব্লক-জি, ঢাকা। ফোন-০১৭১৫১০১৯৮১